

বিনোদন

**অজানা সত্যজিৎ, শতবর্ষে তাঁর জীবন-খাতার পাতা খুলে ধরল
আনন্দবাজার ডিজিটাল**

নিজস্ব সংবাদদাতা

কলকাতা ০২ মে ২০২১ ১১:৫৪

<https://youtu.be/Joc5emKZacQ>

সত্যজিৎ রায়ের ১০০ বছরের জন্মদিনে আনন্দবাজার ডিজিটাল খুঁজে দেখল তাঁর কিছু অজানা তথ্য। পরিচালক হিসেবে তিনিই প্রথম এ দেশে অস্কার নিয়ে এসেছিলেন। সত্যজিৎের পরিচয় একটি বা দু'টি শব্দে তুলে ধরা সম্ভব নয়। কারণ একাধারে তিনি পরিচালক, সাহিত্যিক, সুরকার, চিত্রশিল্পী, প্রচ্ছদশিল্পী, সঙ্গীতকার। ১৯৪৩ সালে ব্রিটিশ বিজ্ঞাপন সংস্থা ডি জে কিমার-এর হয়ে চাকরি করা দিয়ে তাঁর পেশাদার জীবনের সূত্রপাত। তাঁর বহুমাত্রিক অনন্য সৃষ্টির পেছনে নানা অজানা ঘটনার কিছু মুহূর্ত ধরা রইল। যেমন প্রথম ছবি 'পথের পাঁচালী'র জন্য নিজের জীবনবিমা বিক্রি করে স্ত্রীর গয়না বন্ধক রেখেছিলেন সত্যজিৎ।

Reference:

<https://www.anandabazar.com/entertainment/100th-birth-anniversary-of-satyajit-ray-some-unknown-facts-about-satyajit-dgtl/cid/1278939>